

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ৪২

২৩ আগস্ট ২০২০  
তারিখ: -----  
০৮ ভাদ্র ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**নভেল করোনা ভাইরাসের কারণে সৃষ্ট সংকট মোকাবেলায় প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতে পুনঃঅর্থায়ন স্কীম।**

শিরোনামোক্ত বিষয়ে ২২ জুলাই ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৮ ও ১৩ এপ্রিল ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৮/২০২০ এর মাধ্যমে বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২০ এর অনুচ্ছেদ নং-৭(ঘ), ১০(ক), ১১, ১২ ও ১৩(ক) পরিমার্জন করা হয়। এক্ষণে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২০ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৮/২০২০ এর অনুচ্ছেদ নং-৭ (ঘ) ও অনুচ্ছেদ নং-১২ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবেঃ

**৭। গ্রাহক পর্যায়ে ঋণ প্রাপ্তির যোগ্যতাঃ**

৭(ঘ) ব্যাংক পুনঃঅর্থায়নের জন্য যে তারিখে বাংলাদেশ ব্যাংকে আবেদন করবে তার অব্যবহিত পূর্ববর্তী ২ (দুই) বছর সময়কালে কোন রপ্তানিকারক প্রতিষ্ঠানের Overdue Export Bill থাকলে সংশ্লিষ্ট রপ্তানিকারককে প্রদত্ত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হবে না।

**১২। পুনঃঅর্থায়নের জন্য আবেদন পদ্ধতিঃ**

সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণের প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্রাদিসহ নির্ধারিত ছকে সাপ্তাহিক ভিত্তিতে প্রি-শিপমেন্ট ক্রেডিট খাতে ঋণ বিতরণের পরবর্তী সপ্তাহের মধ্যে মহাব্যবস্থাপক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় বরাবর পুনঃঅর্থায়নের জন্য আবেদন করা যাবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত তথ্যাদি সংযুক্ত করতে হবেঃ

- ঋণ বিতরণ সংক্রান্ত সনদপত্র বা মঞ্জুরীপত্র;
- এ খাতে ঋণ বিতরণের সমন্বিত বিবরণী;
- আবেদনকৃত অর্থ নির্ধারিত সুদসহ পরিশোধের বিষয়ে ব্যাংক কর্তৃক প্রতিশ্রুতিপত্র (ডিপি নোট) ও লেটার অব কনটিনিউটি;
- সংশ্লিষ্ট রপ্তানি আদেশ/রপ্তানি ঋণপত্র/রপ্তানি চুক্তিপত্রের কপি;
- বিদ্যমান নিয়মানুযায়ী ঋণ সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্রাদি বা বাংলাদেশ ব্যাংক কর্তৃক যাচিত যে কোন তথ্য/প্রামাণিক দলিলাদি।

এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০৯/২০২০ ও বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৮/২০২০ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২